“যখন তোমরা তা(চাঁদ) দেখবে তখন সিয়াম রাখবে, আবার যখন তা দেখবে তখন সিয়াম ছাড়বে। আর যদি আকাশ মেঘলা থাকে তবে সময় হিসাব করে (ত্রিশ দিন) পূর্ণ করবে”।

ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “যখন তোমরা তা(চাঁদ) দেখবে তখন
সিয়াম রাখবে, আবার যখন তা দেখবে তখন সিয়াম ছাড়বে। আর যদি আকাশ মেঘলা থাকে তবে সময়
হিসাব করে (ত্রিশ দিন) পূর্ণ করবে”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজান মাসের শুরু ও শেষের আলামত ব্যাখ্যা করেছেন এবং বলেছেন: যখন তোমরা রমজানের চাঁদ দেখতে পাও সিয়াম রাখ। যদি তোমাদের ও তার মাঝে মেঘ আড়াল হয় এবং তোমাদেরকে ঢেকে নেয়; তখন শাবান মাসের ত্রিশ দিন গণনা কর। আর যখন তোমরা শাওয়াল মাসের চাঁদ দেখবে, তখন তোমার সিয়াম ভেঙ্গে ফেলবে। যদি তোমাদের ও তার মাঝে মেঘ আড়াল হয় এবং তোমাদেরকে ঢেকে ফেলে; তখন তোমরা রমজান মাসের ত্রিশ দিন গণনা কর।

http://sunnah.global/hadeeth/bn/show/4549